

বর্তমান খৃষ্টান ধর্ম ও ইসলামের মধ্যে মূল পার্থক্য

আসসালামুয়ালাইকুম ওয়ারহমতুল্লাহি ওয়াব্বারাকাতুহু
বিসমিল্লাহির রাহমানির রাহীম

আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছে” বর্তমান খৃষ্টান ধর্ম ও ইসলামের
মূল পার্থক্য” ।

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে ,

১। হে আহলে কিতাব! তোমরা ইমান আনো এক আল্লাহর প্রতি এবং তাঁর রাসুলের প্রতি, আর তোমরা
তিন খোদা বলো না।

সূরা ৪ আন নিসা, আয়াতঃ ১৭১

يَا أَهْلَ الْكِتَابِ لَا تَغْلُوا فِي دِينِكُمْ وَلَا تَقُولُوا عَلَى اللَّهِ إِلَّا
الْحَقَّ إِنَّمَا الْمَسِيحُ عِيسَى ابْنُ مَرْيَمَ رَسُولُ اللَّهِ وَكَلِمَتُهُ
أَلْقَاهَا إِلَى مَرْيَمَ وَرُوحٌ مِنْهُ فَآمِنُوا بِاللَّهِ وَرُسُلِهِ وَلَا تَقُولُوا
ثَلَاثَةً إِنَّهُمْ خَيْرٌ لَكُمْ إِنَّمَا اللَّهُ إِلَهٌ وَاحِدٌ سُبْحَانَهُ أَنْ يَكُونَ
لَهُ وَلَدٌ لَهُ مَا فِي السَّمَوَاتِ وَمَا فِي الْأَرْضِ وَكَفَى بِاللَّهِ وَكِيلًا

হে আহলে কিতাবগণ ! তোমরা স্বীয় দ্বীনে সীমা অতিক্রম করো না এবং আল্লাহর বিরুদ্ধে সত্য ব্যতীত বলো না , নিশ্চয়ই মারইয়াম পুত্র ঈসা মসীহ আল্লাহর রাসুল ও তাঁর বাণী-যা তিনি মারইয়ামের প্রতি সঞ্চারিত করেছিলেন এবং তাঁর পক্ষ হতে আত্মা (রূহ) অতএব আল্লাহ এবং তদীয় রাসুলগণের উপর বিশ্বাস স্থাপন কর এবং (মা'বুদের সংখ্যা) তিনজন বলো না নিবৃত্ত হও- তোমাদের কল্যাণ হবে; নিশ্চয়ই একমাত্র আল্লাহই ম'বুদ; তিনি কোন সন্তান হওয়া হতে পুতঃ মুক্ত নভোমণ্ডলে যা আছে ও ভূ-মন্ডলে যা আছে তা তাঁরই এবং আল্লাহই কার্য সম্পাদনে যথেষ্ট।

সুতরাং প্রিয় ভাই ও বোনেরা , মুসলমান হিসাবে আমাদের দায়িত্ব রয়েছে খৃষ্টান ভাই বোনদেরকে এক আল্লাহর দিকে দাওয়াত দেয়ার। আমরা দোয়া করি হে আল্লাহ, আমাদের নিকটবর্তী খৃষ্টান ভাই বোনদের উপর তুমি তোমার করুণা বর্ষণ করো এবং তাদেরকে এক আল্লাহর ইবাদত করার জন্য হেদায়েত দান করো। আমীন।

আসসালামুয়ালাইকুম ওয়ারহমতুল্লাহি ওয়াবাবাকাতুয়াহু।